

# আঙুল

কলকাতা ১১ অশ্বিন ন ১৪১৪ শনিবার ২৯ সেপ্টেম্বর ২০০৭

বুধসন্ধ্যার তারকাখচিত রজত-সন্ধ্যা

মধ্যে জটাজুটধারী 'কঙ্কমুনি' সুনীল গঙ্গোপাধ্যায়। উল-কাঁটা হাতে 'গৌতমী' নবনীতা দেব সেন। এছাড়াও 'বর্ণজিৎ' সৌমিত্র চট্টোপাধ্যায়, 'বিশ্বজিৎ' নীবেন্দ্রনাথ চক্রবর্তী, 'খনঞ্জয় বৈবাগী' বুদ্ধদেব গুহ'র 'মুক্তস্বারা' পাঠাভিনয়। 'বুধসন্ধ্যা'-র 'রজত জয়ন্তী'র অনুষ্ঠানে রবীন্দ্রসদন ছিল তারকা-খচিত।



শকুন্তলাকে অস্বীকার করে দুঃবহুতার আর অবধি নাই রাজা দুঃদ্বাষ্টর। রাজনটী শলভা ও তার মেয়ে লোলাপাদীর হাতে যথেষ্ট নাকানি-চোবানি তো খেয়েছেনই, কিঞ্চিৎ উত্তম-মধ্যমও জুটেছে দাবোয়ানের হাতে। উপবস্ত্র খোয়া গেছে হাতের আংটিটাও। হারানো আংটির খোঁজে আবার কঙ্কমুনির আশ্রমে ধর্না দিয়েছেন রাজা দুঃদ্বাষ্ট। তা দিন। কিন্তু আশ্রমে কঙ্কমুনির আসনে কে বসে আছেন উনি? এক মাথা জটা আর গেরুয়া বেশের মধ্যে থেকেও যেন চেনা চেনা মনে হচ্ছে মানুষটাকে! আর তাঁর পাশে লাল পাড় গরদের শাড়ি, চোখে চশমা, হাতে উল-কাঁটা ওই মহিলাই বা কে? আলো একটু জোবালো হতেই স্পষ্ট হল চেহারাগুলো। আবে, এ তো সাহিত্যিক সুনীল

গল্পোপাখ্যায় তার নবনীতা দেবসেন! 'বুধ-সন্ধ্যা' প্রযোজিত নাটক 'অভিজ্ঞান দুদ্ভাঙ্কম'-এ ওঁরা আজ 'কঙ্কমুনি' এবং 'গৌতমী'-র ভূমিকায়। রক্তত জয়ন্তী বর্ষ উপলক্ষে সম্প্রতি রবীন্দ্রসদন মধ্যে 'বুধসন্ধ্যা'-র সদস্যরা অভিনয় করলেন নবনীতা দেব সেনের লেখা এই নাটক। 'দুদ্ভাঙ্ক', 'বিদূষক', 'শলাভা', 'লোলাপাঙ্গী', 'ব্রাহ্মণ', 'হংসপদিকা', 'চন্দ্রাবতী' ও শকুন্তলা চরিত্রে জমিয়ে অভিনয় করলেন শাঙ্কনু গল্পোপাখ্যায়, শেখর আহমেদ, শর্মিষ্ঠা দাশগুপ্ত, বর্ণালী রায়, সৌমিত্র মিত্র, উমা বসু, দ্বাতী গল্পোপাখ্যায় ও চিত্রা লাহিড়ী। অন্যান্য চরিত্রে অভিনয় করেছেন সমবেন্দ্র সেনগুপ্ত, দেবযানী শর্মা, অঞ্জনা দত্ত, কৃষ্ণ বসু, বিজয়লক্ষ্মী চৌধুরি, দীপক লাহিড়ী, প্রবীর বসু, সমীর ঘোষ, তরণ চট্টোপাখ্যায়, উজ্জ্বল মুখোপাখ্যায়, অমিতাভ চৌধুরি, শ্রীকন্যা মুখোপাখ্যায়, বিজয়া মুখোপাখ্যায় ও বীথি চট্টোপাখ্যায়। অভিনেতা অভিনেত্রীরা প্রত্যেকেই যথাযথ। নাটক নির্দেশনায় ছিলেন প্রদীপ দাশগুপ্ত। রবীন্দ্রসদনে এদিনের অনুষ্ঠান ছিল তিন পর্বে বিভক্ত। প্রথম পর্বে সৌমিত্র মিত্রের পরিচালনায় পরিবেশিত হয় রবীন্দ্রনাথ ঠাকুরের 'মুক্তাধারা' নাটকের পাঠাভিনয়। বিভিন্ন চরিত্রে অভিনয় করেন পবিত্র সরকার, সমবেন্দ্র সেনগুপ্ত, পঙ্কজ সাহা, মালবিকা মিত্র, সুবোধ সরকার, শরৎ কুমার মুখোপাখ্যায়, দিব্যেন্দু পালিত, তরণ চট্টোপাখ্যায়, দীপক লাহিড়ী, শিলাঞ্জলি ঘোষ, প্রদীপ দাশগুপ্ত, শ্রী স্বনাবায়ণ কুণ্ডু প্রমুখ। সঙ্গীতাংশে ছিলেন উমা বসু, সুকন্যা নাথ ও চন্দন বসু রায়.. রাজা, বিভূতি, বিশ্বজিৎ ও ধনঞ্জয় বৈবাগী চরিত্রে সৌমিত্র চট্টোপাখ্যায়, সুনীল গল্পোপাখ্যায়, নীবেন্দ্রনাথ চক্রবর্তী ও বুদ্ধদেব গুহর অভিনয়ে এই 'মুক্তাধারা'র অন্যতম আকর্ষণ। দ্বিতীয় পর্বে বুধসন্ধ্যার পক্ষে 'এসো কিছু করি' সংস্থার প্রতিনিধিদের হাতে তুলে দেওয়া হয় ত্রিবিধ হাজার টাকা। দুঃস্থ ও মেধাবী পড়ুয়াদের লেখাপড়া চালু রাখতে সাহায্য করে এই সংস্থা। দ্বিতীয় পর্বের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহানাগরিক বিকাশরঞ্জন ভট্টাচার্য, সুনীল গল্পোপাখ্যায়, সীতাংশু বন্দ্যোপাখ্যায়, দেবব্রত বন্দ্যোপাখ্যায়, মালবিকা মিত্র প্রমুখ।